# আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ 44 : ৮

## আরবি মূল আয়াত:

لَا اِلٰهَ اِلَّا هُوَ يُحۡيٖ وَ يُمِيۡتُ ؕ رَبُّكُمۡ وَ رَبُّ اٰبَآئِكُمُ الۡاَوَّلِيۡنَ ﴿۸﴾

## অনুবাদসমূহ:

তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই; তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু দেন। তিনি তোমাদের রব এবং তোমাদের পিতৃপুরুষদের রব। — আল-বায়ান

তিনি ছাড়া সত্যিকারের কোন ইলাহ নেই, তিনিই জীবিত করেন ও মৃত্যু ঘটান। তিনিই তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্ববর্তী তোমাদের পিতৃপুরুষদেরও প্রতিপালক। — তাইসিরুল

তিনি ব্যতীত কোন মা'বূদ নেই, তিনি জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান; তিনিই তোমাদের এবং তোমাদের পূর্ব-পুরুষদেরও রাব্ব। — মুজিবুর রহমান

There is no deity except Him; He gives life and causes death. [He is] your Lord and the Lord of your first forefathers. — Sahih International

৮. তিনি ছাড়া কোন সত্য ইলাহ নেই, তিনি জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান; তিনি তোমাদের রব এবং তোমাদের পিতৃপুরুষদেরও রব।

-

তাফসীরে জাকারিয়া

(৮) তিনি ব্যতীত কোন (সত্য) উপাস্য নেই, তিনি জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান। তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্বপুরুষদের প্রতিপালক। [1]

[1] এই আয়াতগুলোও সূরা আ'রাফের ১৫৮নং আয়াতের মত {قُلْ يَاأَيُّهَا النَّاسُ إِنِّي رَسُوْلُ اللهِ إِلَيْكُمْ جَمِيْعًا الَّذِي لَهُ مُلْكُ السَّمَوَاتِ وَالأَرْضِ لاَ إِلَهَ إِلاَّ هُوَ يُحْيِي وَيُمِيْتُ}

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4422

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন